দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 01 MAY 2015 ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ১ ...



বরগুনা (উত্তর) : মাদ্রাসা ভবন ক্ষতিগ্রস্ত হওয়ায় খোলা জায়গায় ক্লাস করছে শিক্ষার্থীরা -ইত্তেফাক

# ভূমিকম্প ও ঝড়ে কেরামতিয়া মাদ্রাসা ভবন ক্ষতিগ্রস্ত

বরগুনা (উত্তর) প্রতিনিধি

কালবৈশাখী ঝড় ও ভূমিকম্পে বরগুনা সদর উপজেলার ক্রোক কেরামতিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ছাউনি উড়ে গেছে। দেয়ালে ফাটল ধরায় খোলা আকাশের নিচে চলছে ক্লাস। এতে চরম ভোগান্তিতে পড়েছে শিক্ষার্থীরা।

গত ২৩ এপ্রিল রাতে কালবৈশাখী ঝড় ও ২৫ এপ্রিল দুপুরে ভূমিকম্পে বরগুনা সদর উপজেলার সদর ইউনিয়নের ক্রোক কেরামতিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার টিনসেড ভবনের ছাউনি উড়ে যায় এবং দেয়ালে ফাটল ধরে।

বর্তমানে মাদ্রাসার অবস্থা এতটাই ঝুঁকিপূর্ণ যেকোনো সময় ভবন ধসে শিক্ষার্থী ও শিক্ষকদের প্রাণহানি ঘটতে পারে। এ অবস্থায় প্রথম থেকে দশম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে শ্রেণিকক্ষে ক্লাস চালানো অসম্ভব হয়ে পড়েছে বলে জানান শিক্ষকরা।

এ কারণে খোলা আকাশের নিচে ক্লাস করানো হচ্ছে। মাথার উপরে ছাউনি না থাকায় প্রচণ্ড রোদে তাদের খুবই অসুবিধা হচ্ছে। এছাড়া কালবৈশাখী ঝড়ের আতঙ্কতো আছেই।

মাদ্রাসা সুপার কেএম মাহবুবুর রহমান বলেন, মাদ্রাসার ছাউনি উড়ে গেছে ও দেয়ালে ফাটল ধরেছে এ সমস্যা নিয়ে বিভিন্ন দপ্তরে লিখিতভাবে জানিয়েছি। বরগুনা জেলা প্রশাসক মীর জহিরুল ইসলাম জানান আবেদন পেয়েছি অচিরেই এ ব্যাপারে ব্যবস্থা নেয়া হবে।